

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৬৫

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৫৯. রসুন, পিঁয়াজ ও এক প্রকারের দুর্গন্ধযুক্ত তরকারী খাওয়া

بَابِ أَكْلِ الثُّومِ وَالْبَصَلِ وَالْكُرَّاثِ

আরবী

حَدَّقَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّقَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَنْبَأَنَا أَبُو شُرَيْحٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نِمْرَانَ الْحَجْرِيِّ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، أَنَّ نَفَرًا، أَتَوُا النَّبِيَّ - صلى الله عليه وسلم - فَوَجَدَ مِنْهُمْ رِيحَ الْكُرَّاثِ فَقَالَ " أَلَمْ أَكُنْ نَهَيْتُكُمْ عَنْ أَكْلِ هَذِهِ الشَّجَرَةِ إِنَّ الْمَلاَئِكَةَ تَتَأَذَّى مِنْهُ الإِنْسَانُ " .

বাংলা

৩/৩৩৬৫। জাবির (রাঃ) থেকে বর্ণিত। একদল লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলে তিনি তাদের থেকে দুর্গন্ধ অনুভব করেন। তিনি বলেনঃ আমি কি তোমাদের এই বৃক্ষ খেতে নিষেধ করিনি? মানুষ যেসব জিনিসে কষ্ট পায়, ফেরেশতারাও সেসব জিনিসে কষ্ট পান।

English

It was narrated from Jabir that a group of people came to the Prophet (ﷺ) and he noticed the smell of leeks coming from them. He said: "Did I not forbid you to eat these vegetables? For the angels are offended by that which offends people."

ফুটনোট

মুসলিম ৫৬৪, তিরমিয়ী ১৮০৬, নাসায়ী ৭০৭, আহমাদ ১৪৫৯৬, ১৪৭৩৯, ১৪৮৫০।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুর রহমান বিন নামিরান আল-হাজারী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। তার থেকে আল-ওয়ালীদ ব্যাতিত কেউ হাদিস বর্ণনা করেনি। উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবদুর রহমান বিন নামিরান আল-হাজারী এর কারণে সানাদটি দুর্বল।



হাদিসটির ২ টি শাহিদ হাদিস পাওয়া যায়। তা হলোঃ মুসনাদ আবু ইয়ালা ২৩২১, মু'জামুল কাবীর ৪০৫০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন